# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৮৯

২২/ সাওম [রোযা] (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৩৪/ এ বিষয়ে আয়শা (রাঃ) থেকে বর্ণনাকারীদের শব্দের পার্থক্য-এর উল্লেখ

باب ذِكْرِ اخْتِلاَفِ أَلْفَاظِ النَّاقِلِينَ لِخَبَرِ عَائِشَةَ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الأَشْعَثِ، عَنْ يَزِيدَ، ـ وَهُوَ ابْنُ زُرَيْعٍ ـ قَالَ حَدَّثَنَا الْجُرَيْرِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، قَالَ قُلْتُ لِعَائِشَةَ أَكَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي صَلاَةَ الضُّحَى قَالَتْ لاَ إِلاَّ أَنْ يَجِيءَ مِنْ مَغِيبِهِ . قُلْتُ هَلْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لَهُ صَوْمٌ مَعْلُومٌ سِوَى رَمَضَانَ قَالَتْ وَاللَّهِ إِنْ صَامَ شَهْرًا مَعْلُومًا سِوَى رَمَضَانَ حَتَّى مَضَى لِوَجْهِهِ وَلاَ أَفْطَرَ حَتَّى يَصُومَ مِنْهُ .

বাংলা

২১৮৯। আবূল আশআছ (রহঃ) ... আব্দুল্লাহ ইবনু শাকীক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশা (রাঃ)-কে জিজ্ঞাসা করলাম যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি চাশতের সালাত আদায় করতেন? তিনি বললেন, না; তবে হ্যাঁ সফর থেকে আসলে তখন আদায় করতেন। আমি আবার প্রশ্ন করলাম যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য কি রমযান মাস ব্যতীত কোন নির্দিষ্ট সাওম (সিয়াম/রোজা/রোযা) ছিল? তিনি বললেনঃ আল্লাহর শপথ, তিনি রমযান মাস ব্যতীত মৃত্যু অবধি কখনো পূর্ণ এক মাস সাওম পালন করতেন না আর পুর্ণ এক মাস সাওম ভঙ্গও করতেন না, বরং মাসের কিছুদিন সাওম পালন করতেন।

## English

It was narrated that 'Abdullah bin Shaqiq said:
'I said to Aishah: 'did the Messenger of Allah offer Duah prayer?' she said: 'No, unless he was returning from a journey.' I said: 'was the Messenger of Allah known to observe any fast regularly apart from Ramadan?'' She said: 'by Allah, he did not observe any fast regularly apart from amadan until he passed away, and he did not break his fast for a whole month, rather he would fast some of it (each month).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21193

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন